গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
ইনোভেশন টিম

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ইনোভেশন টিমের ২০২১-২০২২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	ডাঃ মোঃ সারোয়ার বারী পরিচালক (অতিরিক্ত সচিব) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তারিখ	:	২৮ জুন ২০২২ খ্রিষ্টাব্দ
সময়	:	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	:	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের সভা কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট- 'ক'

সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট জনাব শংকর ভৌমিক সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী 'মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে প্রাপ্ত মুদ্রণ সংক্রান্ত সেবাটি' সহজিকরণের আদেশ জারি করা হয়েছে এবং অধিদপ্তরাধীন বাংলাদেশ স্টেশনারী অফিসের উদ্ভাবনী ই-ইনভেনটরি সিস্টেম সেবাটি ০৮ (আট)টি আঞ্চলিক অফিসে চালু করা হয়েছে। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২২-২০২৩ গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনা শেষে সকলের সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।

২। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৬/২০২২

(ডাঃ মোঃ সারোয়ার বারী)
পরিচালক
ফোন-৫৫০৩০০২৮
director@dpp.gov.bd